আজকের কাগজ

তারিখ ... 13 JAN 1995 ...
পৃষ্ঠা ৬ কলাম ৪

75

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছাত্র রাজনীতি বিষয়ে নতুন নিষেধাজ্ঞা ছাত্ররা মানবে না

শাহ আরিফ নিশির ঃ কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট অবৈধভাবে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দীর্ঘদিন রাজনৈতিক তৎপরতা বন্ধ ঘোষণা রেখেছিল। বর্তমান উপাচার্য আব্দুল হামিদের কৌশলী উদ্যোগের কারণে সম্প্রতি গত ১ জানুয়ারি থেকে সকল নিষেধাজ্ঞার মেয়াদ শেষ হলেও রাজাকার খ্যাত উপাচার্য তার পদত্যাগ দাবি'র আন্দোলনকে ঠেকাবার কৌশল হিসেবে রাজনৈতিক তৎপরতা বন্ধ না করলেও নতুন বিধি নিষেধ প্রণয়ন করিয়েছেন সিন্ডিকেটের ১০৪তম সভায়। সে সভায় ৩টি সিদ্ধান্ত নেয়া হয়েছে। প্রথমত বেলা সাড়ে ১১টার আগে ক্যাম্পাসে কোন মিছিল, সমাবেশ, মিটিং করা যাবেনা। দ্বিতীয়ত কোন রাজনৈতিক বিষয়ে বা একদল অন্য দলের বিরুদ্ধে উস্কানিমূলক কোন স্লোগান দেয়া যাবে না। এছাড়া তৃতীয়ত যে সিদ্ধান্ত নেয়া হয়েছে তাহলো ছাত্রসংগঠনগুলোকে কোন মিছিল-সমাবেশ আয়োজনের পূর্বে অবশ্যই প্রক্টরের কাছ থেকে লিখিত অনুমতি নিতে। বা সম্পূর্ণরূপে বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ পরিপন্থী ছাত্র সংগঠনগুলো নিষেধাজ্ঞা মানবে না বলে জানিয়েছে এবং প্রতিবাদে বিভিন্ন কর্মসূচি ঘোষণা করেছে।